

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালীগঞ্জ, গাজীপুর।

স্মারক নং- ০৫.৪১.৩৩৩৪.০০০.১৭.০০১.২৪৩৫৫৫

তারিখ: ০৬/০৪/২০২৫ খ্রি.

বিষয়: মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন 'ভালনারেবল উইমেন বেনেফিট' (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ২০২৫-২০২৬ চক্রের উপকারভোগী নির্বাচন সংক্রান্ত

সূত্র: মবিজ, ঢাকা এর স্মারক নং-৩২.০১.০০০০.০০০.০০৮.০০৩৩.১৮.১৭, তারিখ: ২৫/০৩/২০২৫ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলাধীন কালীগঞ্জ উপজেলার ৭ টি ইউনিয়নে ০৬ হতে ২৬ এপ্রিল পর্যন্ত ভালনারেবল উইমেন বেনেফিট' (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ২০২৫-২০২৬ চক্রের উপকারভোগীদের আবেদন পত্র গ্রহণের নির্দেশনা পাওয়া গিয়েছে। VWB MIS এ আবেদন গ্রহণ করার জন্য উদ্যোক্তাগণকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০২৫-২০২৬ চক্রের ভিডব্লিউবি পরিপত্রের ২.৩ নং ক্রমিকের অর্ন্তভুক্তির আবশ্যিক যোগ্যতা পূরণ সাপেক্ষে আগামী ২৬/০৪/২০২৫ তারিখের মধ্যে অনলাইনে পর্যাপ্ত আবেদন পত্র এন্ট্রি করার জন্য অনুরোধ করা হলো।

ইউনিয়নের উদ্যোক্তাগণ (পুরুষ ও মহিলা) সিস্টেমে শুধুমাত্র আবেদন গ্রহণ করতে পারবেন। ইউনিয়ন উদ্যোক্তা ব্যতিত অফিস সহকারী বা অন্য কেউ এই আইডি ব্যবহার করতে পারবে না। ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তাগণ সিস্টেমে আবেদন গ্রহণ করতে পারবেন না। তারা শুধুমাত্র উপকারভোগীদের প্রাথমিক তালিকা (ছক-২) তৈরি করতে পারবেন। প্রতিবার লগইন করার সময় উদ্যোক্তা ও ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তাগণের মোবাইলে ওটিপি যাবে এবং এই ওটিপি দিয়ে লগইন সম্পন্ন করতে হবে।

বিষয়টি অতীব জরুরী

চেয়ারম্যান (সকল)
ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর

দৃষ্টি আকর্ষণ
প্রশাসনিক কর্মকর্তা (সকল)
ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর


তনিমা আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, গাজীপুর

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে জন্য:

- ১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা
- ২। জেলা প্রশাসক, গাজীপুর।
- ৩। উপপরিচালক (ভিডব্লিউবি), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা
- ৪। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাজীপুর
- ৫। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর
- ৬। উদ্যোক্তা (সকল), ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর
- ৭। অফিস কপি